

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৪৩

আগরতলা, ৫ সেপ্টেম্বর, ২০২০

কোভিড-১৯ মোকাবিলায় নতুন দিল্লি থেকে চিকিৎসকদল
রাজ্যে আনার উদ্যোগ নিয়েছে সরকার : শিক্ষামন্ত্রী

রাজ্যে কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে রাজ্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। রাজ্যে কোভিড-১৯ মোকাবিলায় উন্নত চিকিৎসা পরিষেবার জন্য প্রয়োজনীয় পরামর্শ নিতে নতুন দিল্লি থেকে বিশেষ চিকিৎসকদল রাজ্যে আনার উদ্যোগ নিয়েছে সরকার। শীঘ্রই নতুন দিল্লি থেকে এই চিকিৎসকদলটি রাজ্যে আসবে বলে আশা করা হচ্ছে। আজ মহাকরণের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ সাংবাদিকদের এই সংবাদ জানান। তিনি কোভিড-১৯ সংক্রান্ত পরিসংখ্যান তুলে ধরে জানান, প্রতি ১০ লক্ষ জনসংখ্যায় কোভিড-১৯-এর নমুনা পরীক্ষায় দেশের ২৭টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চল থেকে ত্রিপুরা টেস্টের সংখ্যা অধিক। সংক্রমণের হারের দিক থেকে দেশের ১৯টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চল ত্রিপুরা রাজ্য থেকে বেশি। কোভিড-১৯-এ মৃত্যুর হারের দিক থেকে দেশের ১৮টি রাজ্যও কেন্দ্রীয় শাসিত অঞ্চল ত্রিপুরা থেকে খারাপ অবস্থায় রয়েছে।

শিক্ষামন্ত্রী ২০১৭-১৮ অর্থবছর থেকে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত রাজ্যের সিডি রেশিও, মানুষের মাথাপিছু বার্ষিক আয়, সেক্স রেশিও সহ শিশু মৃত্যুর হার জাতীয় গড়ের সঙ্গে তুলনামূলক পরিসংখ্যান তুলে ধরে জানান, রাজ্যে সি ডি রেশিও ক্রমশ বাড়ছে। পাশাপাশি রাজ্যের মানুষের বার্ষিক মাথাপিছু আয়ও বৃদ্ধি পেয়েছে।
